

Prime Minister holds telephone conversation with the President of the U.S.A.

February 14, 2023

মার্কিন রাষ্ট্রপতি যোসেফ আর বাইডেনের সঙ্গে টেলিফোনে কথাবার্তা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর

ফেব্রুয়ারী 14, 2023

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ আমেরিকার রাষ্ট্রপতি শ্রী যোসেফ আর বাইডেনের সঙ্গে টেলিফোনে কথা বলেছেন। দুজনের মধ্যে আলাপচারিতা অত্যন্ত সৌহার্দ্যপূর্ণ ও গঠনমূলক ছিল।

ভারত-আমেরিকার সামগ্রিক আন্তর্জাতিক কৌশলগত অংশীদারিত্ব আরও মজবুত হওয়ার সন্তোষ প্রকাশ করলেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ও মার্কিন রাষ্ট্রপতি জো বাইডেন। উভয় নেতা পারস্পরিক লাভজনক সহযোগিতার মাধ্যমে এয়ার ইন্ডিয়া ও বোয়িং-এর মধ্যে অভূতপূর্ব সমঝোতা হওয়ার বিষয়টিকে স্বাগত জানিয়েছেন, এর ফলে দুই দেশেই নতুন কর্মসংস্থানের সুযোগ বাড়বে। ভারতের ক্রমবর্ধমান নাগরিক অসামরিক বিমান চলাচল ক্ষেত্রে সুযোগ গ্রহণের জন্য বোয়িং সহ অন্য মার্কিন কোম্পানীগুলির প্রতি আহ্বান জানান প্রধানমন্ত্রী।

উভয় নেতা সম্প্রতি ওয়াশিংটন ডিসিতে আইসিইটি-র যে প্রথম বৈঠক হয়েছে তাকে স্বাগত জানান এবং আশা প্রকাশ করেন যে এর ফলে মহাকাশ, সেমি কন্ডাকটর, শিক্ষা ও উদ্ভাবন, বাস্তুতন্ত্র, প্রতিরক্ষা ক্ষেত্রে সহ-উৎপাদন এবং সরবরাহ ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা আরও মজবুত হবে। দুই দেশের মানুষে মানুষে সংযোগ আরও নীবিড় করার বিষয়ে সম্মত হন দুই নেতা।

মার্কিন রাষ্ট্রপতি বাইডেন ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভারতের জি২০ সভাপতিত্বকালে সহযোগিতা ও যোগাযোগ বজায় রাখার বিষয়ে সম্মত হন।

নতুন দিল্লি

ফেব্রুয়ারী 14, 2023

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.